ঝিনাইদহে মানবপাচারকারী চক্রের অন্যতম সদস্য খালেদ গ্রেফতার

ঝিনাইদহে খালেদ (৩৬) নামে মানব পাচারকারী চক্রের এক সদস্যকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ। গত বুধবার বিকেলে সদর উপজেলার রাউতাইল এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।সে সদর উপজেলার রামনগর গ্রামের আব্দুস সাত্তারের ছেলে।

বাদি ও মামলার বিবরণে জানা যায়,ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া গ্রামের প্রবাসী শাহিনুর রহমানের স্ত্রী তৃষ্ণা বেগমকে তার পরিবারের কাউকে না জানিয়ে চলতি বছরের পহেলা জানুয়ারি বিদেশে কাজের কথা বলে দুবাই পাঠায় মানব পাচারকারী এক চক্র।দুবাই প্রবেশের পর থেকে তৃষ্ণা বেগমের কোন সন্ধান পাওয়া যায়নি।পরে বিষয়টা জানাজানি হয়।

এ ঘটনায় তৃষ্ণা বেগমের কন্যা শ্যামলী খাতুন বাদি হয়ে নাসির উদ্দিন (৪৮) ও পটল (৪৫) এর নাম উল্লেখ করে ১লা ফেব্রুয়ারি মানব পাচার পিটিশন ৩/২১ এ ঝিনাইদহ জেলা ও দায়রা জজ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে একটি মামলা দায়ের করেন।পরে বিজ্ঞ আদালত ঝিনাইদহ থানার অফিসার ইনচার্জকে এজাহার হিসেবে গণ্য করে প্রতিবেদন দেওয়ার নির্দেশ দেন। ৬ এপ্রিল সদর থানায় মামলাটি রুজু হয়। যার নং ১৬।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান,এ ঘটনায় থানা পুলিশ তদন্ত করে নাসির উদ্দিনের স্বীকারোক্তি মোতাবেক তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে খালেদকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য, মামলাটি রুজু হওয়ার পর এজাহার নামীয় আসামী নাসির উদ্দিন (৪৮) কে ইতিপূর্বে গ্রেফতার করা হয়েছে। সে সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ধুপাবিলা দক্ষিণপাড়া গ্রামের মৃত কলিম উদ্দিনের ছেলে।

কোটচাঁদপুরে মোটরসাইকেল দূর্ঘটনায় আহত যুবকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে ইজিবাইক-মোটরসাইকেল সংঘর্ষে আহত যুবক মোটরসাইকেল আরোহী সাগর আহমেদ (২৩) এর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার ভোর সাড়ে ৩ টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।
নিহত সাগর উপজেলার কুশনা ইউনিয়নের বহরমপুর গ্রামের আলমগীর হোসেন খোকনের ছেলে।

সে বৃটিশ আমেরিকান ট্যোবাকো কোম্পানীতে এস.আর পদে কর্মরত ছিল। গত মঙ্গলবার (০১ জুন) সন্ধায় শহরের মেইন বাসষ্টান্ড এলাকায় একটি ইজিবাইকের সঙ্গে মোটরসাইকেল আরোহী সাগরের সংঘর্ষ হয়। স্থানীয়রা গুরতর আহত অবস্থায় সাগরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়।

অবস্থার অবনতি হলে রাতেই কর্তব্যরত চিকিৎসক তাকে প্রথমে যশোর সদর জেনারেল হাসপাতালে পাঠায়। পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার ভোরে তার মৃত্যু হয়। সাগরের মৃত্যুতে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

দূর্ঘটনায় ঘাতক ইজিবাইকটি আটক করেছে থানা পুলিশ। এব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিনের ফোনে যোগাযোগ করা হলে তাকে পাওয়া যায়নি।

কোটচাঁদপুরে বঙ্গবন্ধু জাতীয়

গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক) অনুর্ধ্ব-১৭ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে উপজেলার কুশনা ইউনিয়ন পরিষদ (অনুর্ধ্ব-১৭) একাদশ- ও পৌরসভা (অনুর্ধ্ব-১৭) একাদশের মধ্যে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলার নির্ধারিত সময়ের মধ্যে পৌরসভা একাদশ ২-০ গোলে কুশনা ইউনিয়ন পরিষদ একাদশকে পরাজিত করে জয়লাভ করে। খেলা শেষে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি ও বিশেষ অতিথি পৌর মেয়র মোঃ শহিদুজ্জামান সেলিম বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমান, কুশনা ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল হান্নান, প্যানেল মেয়র জাহিদুল ইসলাম, স্থানীয় পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত বিশ্বাস, পৌর ওয়ার্ড কাউন্সিলর খায়রুল ইসলাম, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান সহ নানা শ্রেণী-পেশার ক্রীড়া ব্যাক্তিত্ব। খেলাটি পরিচালনা করেন, উপজেলার ক্রীড়া সংগঠক মোঃ রুস্তম কবির।

শিশু ধর্ষককে বাঁচাতে চেয়ারম্যানের ন্যাক্কারজনক পদক্ষেপ

কালিগঞ্জ উপজেলার রাখালগাছি ইউনিয়নের সুবিতপুর গ্রামে ৫ বছরের শিশুকে ধর্ষণের অভযোগে সেলিম হোসেন কে গ্রেফতার ও স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহিদুল ইসলাম বিষয়টিকে ধামাচাপা দেবার

অপরাধে দৃষ্টান্তমূলক শাস্তির অভিযোগ করে ঝিনাইদহ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে ঝিনাইদহ পোস্ট অফিস মোড়ে মানববন্ধন করা হয়।
ভিক্টিম শিশুর মা জানান ঘটনা ঘটার পর ডাক্তার দেখানোর সামর্থ না থাকায় স্থানীয় চেয়ারম্যান এর কাছে নিয়ে যায় এবং চেয়ারম্যান শিশুর যৌনাংগে হাত দিয়ে জানান ধর্ষণের আলামত নেই। ঘটনাটিকে ন্যাক্কারজনকভাবে ধামাচাপা দেবার এই চরিত্র উপস্থাপন করায় খুব্ধ এলাকাবাসী।

ঝিনাইদহে বিশ্ব দুগ্ধদিবস উপলক্ষ্যে আলোচনা সভা

প্রতিদিন এক গ্লাস দুধ পান করুন, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন” এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে জেলা শিল্পকলা একাডেমিতে প্রাণী সম্পদ অধিদপ্তরের আয়োজনে প্রাণী সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের সহযোগীতায় এ উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মজিবর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম। বিশেষ অতিথি ছিলেন জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আনন্দ কুমার অধিকারী, সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম। এছাড়া সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুব্রত কুমার ব্যানার্জী, ডেইরী ফার্মার এ্যাসোসিয়েশনের সভাপতি কাজী মোহাম্মদ ফারুকসহ প্রাণী সম্পদ অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীরা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে উপস্থিত শিশুদের মাঝে প্যাকেটজাত দুধ বিতরণ করা হয়। বক্তারা, নিরাপদ দুধ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি সকলকে প্রতিনিয়ত দুধ পান করার আহবান জানান।

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় তিন ভুয়া পুলিশ আটক

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় বন্দি হয়েছে তিন ভুয়া পুলিশ। সদর উপজেলা হলিধানী ইউনিয়নের সরকারি ভেটেরিনারি কলেজ এলাকায় অভিযান চালিয়ে ঝিনাইদহ গোয়েন্দা (ডিবি) এই তিন ভুয়া পুলিশকে আটক করে।

আটককৃতরা হলেন, মেহেরপুর উপজেলার বাড়াদি ইউনিয়নের বড়শিবাড়িয়া গ্রামের পুরাতন পাড়ার আরিফ হোসেনের ছেলে মোঃ নাজমুল হক (২৬), নুর ইসলামের ছেলে মোঃ লিখন আলী (২২) ও ওয়ালিউর রহমানের ছেলে মোঃ রনি (২৫)।

ঝিনাইদহে ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান রোববার রাত ৮টার দিকে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ এলাকা থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে একটি লোহার তৈরী পিস্তল সাদৃশ্য গ্যাসলাইট, রেক্সিসেনের কভার দ্বারা দিয়ে তৈরী বেল্ট ও পুলিশের স্টিকার লাগানো একটি মটরসাইকেল (চুয়াডাঙ্গা ল- ১১-৯০৩১) উদ্ধার করা হয়। আটকের সময় তারা নিজেদের পুলিশ সদস্য বলে পরিচয় দেয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, আটককৃত তিন ব্যক্তি পুলিশ পরিচয়ে প্রতারণা করার জন্য ঝিনাইদহে আসছিলো। খবর পেয়ে ডিবি পুলিশ তাকের আটক করে। গত সোমবার জিজ্ঞাসাবাদ শেষে তাদের আদালতে সোপর্দ করা হয়।

গাদাগাদি করে বাসে যাত্রি বোঝায় করে দ্বিগুণ ভাড়া আদায়

ঝিনাইদহ জেলার অধিকাংশ রুটে গণপরিবহনের যাত্রীদের দূর্ভোগের শেষ নেই। গতকাল কালিগঞ্জ হতে খালিশপুর রুটে শাপলা গাড়ির যাত্রীরা ক্ষুব্ধ হয়ে মেহেরপুর প্রতিদিন কে জানান বাসের কন্ডাকটর দ্বিগুণ ভাড়া নিচ্ছে কিন্তু বাসে নেই কোনো সামাজিক দূরত্ব।
সরকারি নিয়ম অমান্য করে বাসে গাদাগাদি করে যাত্রী তুলছে নিচ্ছে

দ্বিগুণ ভাড়া এতে বিপাকে পড়ছে স্বল্প আয়ের সাধারণ জণগণ। মাননীয় প্রধানমন্ত্রী সহ স্থানীয় জেলা প্রশাসকের কাছে সাধারণ জনগণের দাবি বাস সহ সকল সাধারণ জানবহনে যেনো অবৈধভাবে অতিরিক্ত ভাড়া নিয়ে নিম্ন আয়ের মানুষের উপর জুলুম না করা হয়। বাসের মধ্যে পরিষ্কার পরিছন্নতা রাখা ও সেনিটাইজারের ব্যবস্থা করা পাশাপাশি মাস্ক ব্যতীত গণপরিবহনে যাত্রী না তোলার অনুরোধ জানান।

কালীগঞ্জে ইয়াংস্টার ক্লাবের উদ্যোগে ঘুড়ি উৎসব অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জে ইয়াংস্টার ক্লাবের উদ্যোগে ঘুড়ি ওড়ানো প্রতিযোগিতা ও ঘুড়ি উৎসব অনুষ্ঠিত হয়েছে। উপজেলার দক্ষিণ আড়পাড়ার ওয়াপদা এলাকার মাঠে এ ঘুড়ি উৎসবের আয়োজন করা হয়। পড়ন্ত বিকালে আশপাশের এলাকার অর্ধশতাধিক মানুষ প্রতিযোগিতায় অংশ নেন। নীল আকাশে উড়ছে লাল, হলুদ, সবুজ, বেগুনি রঙের ঘুড়ি।

নাটাই হাতে অন্যজনের ঘুড়ির সুতা কাটার সর্বাত্মক চেষ্টা, কখনো একটি ঘুড়ি অপরটিকে ছাড়িয়ে উঠে যাচ্ছে দিগন্তের আরো উঁচুতে। যান্ত্রিক জীবন ছেড়ে প্রকৃতির কাছে এরকম ঘুড়ি ওড়ানোর আয়োজনে অনেকেই ফিরে গেছেন তাদের শৈশবে।

প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন ইয়াংস্টার ক্লাবের উপদেষ্টা মাহবুবুর রহমান মোহাব্বত, কামাল মাহমুদ বাপ্পি, সভাপতি সোহানুর রহমান সোহান, সাধারণ সম্পাদক রাশেদুল আলম লিটন, ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন (ঊষা) কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান রিপন, গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (গবিসাস) প্রতিষ্ঠাতা সভাপতি আসিফ আল আজাদ সহ ক্লাবের বিভিন্ন সদস্যবৃন্দ।

ঘুড়ি উৎসবে অংশ নেয়া প্রতিযোগীরা বলেন, এটি অবশ্যই অন্যরকম একটি আয়োজন, এটি এমন একটি উৎসব যেখানে সকল বয়সী মানুষ এক হয়েছে, এটি মিলন মেলায় পরিণত হয়েছে। আয়োজকদের অবশ্যই ধন্যবাদ জানাতে হবে

যে, একদিনের জন্য হলেও আমাদের ছোটবেলার স্মৃতিকে মনে করিয়ে দিয়েছে। করোনার এই সময়ে একটু হলেও আনন্দ পেয়েছি।

অনুষ্ঠানের আয়োজক ইয়াংস্টার ক্লাবের সভাপতি সোহানুর রহমান সোহান বলেন, যুব সমাজকে মোবাইল ফোন ও মাদকের আসক্তি থেকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে এ উৎসবের আয়োজন করা হয়েছে। এ উৎসব ও প্রতিযোগিতা প্রতিবছর অব্যাহত থাকবে। উল্লেখ্য, ইয়াংস্টার ক্লাব ২০১০ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকেই এই ক্লাবের সদস্যরা বিভিন্ন সামাজিক কার্যক্রম করে থাকে।

দামুড়হুদা ভ্রাম্যমাণ আদালতের

অভিযান জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নে ৪ টি বেকারীতে জরিমানা আদায় করা হয়েছে বিভিন্ন জায়গায় স্বাস্হ্য বিধি অনুসারে মাক্স রিধান না করা,স্বাস্থ্যবিধি না মানা, চায়ের দোকানে আড্ডা দেওয়া সহ বিভিন্ন অপরাধে এসকল ক্ষেত্রে বিভিন্ন জনকে ৭ টি মামলায় ৭৮০০ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত। গতকাল রবিবার বিকালে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার সুদীপ কুমার সিংহ এর নেতৃত্ব
প্রতিটি পন্যের উৎপাদন ও মেয়াদীত্তোর্ন তারিখ ও মুল্য লেখা না থাকা,কোনটার লেবেল না থাকা কারনে মায়া বেকারী,ভাইভাই বেকারী ও সাইদ বেকারী নামে ৩ টি বেকারির মালিক কে অর্থ দন্ড দেওয়া হয়।এছাড়া ক্ষতিকর রং ব্যবহার না করা,চিনির পরিবর্তে সাল্টু,খাবারের লবনের পরিবর্তে গরুর লবন,ক্ষতিকর আমেনিয়াম নাইট্রেট ব্যবহার না করা,মেয়াদীত্তোর্ন পন্য বিনষ্ট করা ও আলাদা রাখার ব্যাপারে মুচলেকা নেওয়া ও সতর্কতা
ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করেন। এ সময় অধিকাংশ জনগনকে সচেতন করা হয় এবং উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মাস্ক বিতরণ করা হয়।এছাড়া দ্রব্য মুল্য নিয়ন্ত্রণে ও তদারকি করা হয়। সকল ব্যবসায়ী কে আরো দায়িত্বশীল ও মানবিক আচরণ করার জন্য অনুরোধ করা হয়। ভ্রাম্যমাণ আদালতের সময় স

কোটচাঁদপুরে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক) অনুর্ধ্ব-১৭ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালিকা) অনুর্ধ্ব-১৭ উদ্বোধন করা হয়েছে।

রবিবার বিকালে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র মোঃ শহিদুজ্জামান সেলিম, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার প্রদীপ কুমার মন্ডল, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজ উদ্দীন, স্থানীয় পৌর ওয়ার্ড কাউন্সিলর সুব্রত বিশ্বাস।

টুর্নামেন্টে উপজেলার ৫টি ইউনিয়ন ও পৌরসভার অনুর্ধ্ব-১৭ ফুটবল একাদশ অংশগ্রহন করবে। আগামী ২জুন টুর্নামেন্টের সমাপনী ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।